# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 23 June, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শহীদ জিয়াউর রহমান হলের ডাইনিং গত আটদিন ধরে বন্ধ রয়েছে।পাঁচ মাসের ভর্তুকি বাবদ দুই লাখ টাকা বকেয়া থাকায় ডাইনিং ম্যানেজার খাবার সরবরাহ বন্ধ করে দিয়েছেন।ফলে চরম ভোগান্তিতে পড়েছেন হলের আবাসিক শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, সাবেক প্রভোস্টের সময় থেকে ভর্তুকির টাকা পরিশোধ না করায় ম্যানেজার ব্যক্তিগতভাবে ধার করে ডাইনিং চালিয়ে আসছিলেন।বর্তমানে সেই ঋণের চাপ সামাল দিতে না পেরে ডাইনিং বন্ধ রাখতে বাধ্য হয়েছেন তিনি।

জিয়া হলের আবাসিক শিক্ষার্থী মোহাম্মদ শরীফ বলেন, “ডাইনিং বন্ধ থাকায় আমাদের বাইরে থেকে খেতে হচ্ছে।এতে আমাদের অতিরিক্ত টাকা খরচ হচ্ছে এবং মানসিক চাপও বাড়ছে। কর্তৃপক্ষের উচিত দ্রুত এই সমস্যার সমাধান করা।”

এ বিষয়ে ডাইনিং ম্যানেজার পায়না বলেন, “সাবেক প্রভোস্টের সময় থেকে পাঁচ মাসের ভর্তুকি বকেয়া রয়েছে।আমি ধার করে এতদিন চালিয়েছি, এখন আর সম্ভব নয়।বর্তমান প্রভোস্ট বলছেন, সাবেক প্রভোস্টের সাথে যোগাযোগ করতে।কিন্তু আমি তো ব্যক্তিগতভাবে ঋণগ্রস্ত হয়ে পড়েছি।”

সাবেক প্রভোস্ট অধ্যাপক ড. শেখ এ.বি.এম জাকির হোসেন বলেন, “নতুন উপাচার্য দায়িত্ব নেওয়ার পর আশ্বাস দিয়েছিলেন যে যেকোনো ফান্ড থেকে এই বকেয়া মিটিয়ে দেওয়া হবে, কিন্তু পরে আর তা বাস্তবায়ন হয়নি।”

বর্তমান প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল গফুর গাজী বলেন, “আমি দায়িত্ব নেওয়ার পর নিয়মিত ভর্তুকি দেওয়ার কথা বলেছি এবং উপাচার্য মহোদয়কে বিষয়টি অবহিত করেছি।সিদ্ধান্ত তিনিই দেবেন।”

ইবি শিক্ষার্থী ম্যানেজার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:27

URL: https://www.timestodaybd.com/campus/7758073597